দৈনিক সংবাদ

তারিখ ...06 DEC 1994...
পৃষ্ঠা ১২ কলাম ৭

৩।

# নকল করার দাবিতে ঠাকুরগাঁওয়ে পরীক্ষা কেন্দ্র ভাঙচুর ।। শিক্ষক লাঞ্ছিত

ঠাকুরগাঁও, ৫ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ঠাকুরগাঁও সরকারি কলেজ কেন্দ্রে আজ রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষায় নকল করার দাবিতে কক্ষ ভাঙচুর হয়েছে। উচ্ছৃংখল ছাত্রদের হাতে একজন শিক্ষক লাঞ্ছিত হয়েছেন। পরীক্ষাও বন্ধ থাকে প্রায় এক ঘন্টা। বহিরাগত ও উচ্ছৃংখল পরীক্ষার্থীরা পরীক্ষা হলে এমন এক অবস্থার সৃষ্টি করে তাতে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট এবং পুলিশও অসহায় হয়ে পড়ে। ডিগ্রি পরীক্ষার চতুর্থ দিনে আজ ছিল রাষ্ট্রবিজ্ঞানের প্রথমপত্রের পরীক্ষা। কেন্দ্রে ১৯ নম্বর কক্ষে একজন ছাত্র নকল বের করলে সহকারী অধ্যাপক কেদারনাথ সরকার বাধা দেন। এতে ছাত্রটি ক্ষিপ্ত হয়ে তাকে লাঞ্ছিত করে। হলের আরও ২০/২৫ জন ছাত্র হট্টগোল সৃষ্টি করে। তারা ধর ধর– মার মার বলে চিৎকার করে।

এ সময় ঐ শিক্ষক প্রাণের ভয়ে হল থেকে পালিয়ে শিক্ষক কমনরুমে যান। উচ্ছৃংখল ছাত্ররা তাকে আটক করার চেষ্টা করে। পরে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ তাকে সেখান থেকে উদ্ধার করে।

পরীক্ষা শেষ হওয়ার আধা ঘন্টা পরে অনেক ছাত্র খাতা জমা দেয়। রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত টিচার্স কাউন্সিলের মিটিং চলছিল। উচ্ছৃংখল পরীক্ষার্থী ও বহিরাগতদের বিরুদ্ধে সাধারণ পরীক্ষার্থীরা তীব্র নিন্দা জানিয়েছে।

জেলার ৪টি পরীক্ষা কেন্দ্রে গত ৪ দিনে ৩৬৫ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। পার্শ্ববর্তী রোহিয়া কলেজ কেন্দ্রেও অঘটন ঘটে। সেখানে একজন ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত হন।